

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড



ফোন :
অফিস : ৯৫৫৫১৩৩
ফ্যাক্স : ০০৮৮-০২-৯৫৬৪৭৬৩

সচিবালয়
ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ,
ঢাকা-১০০০।

Phone :
Office : 9555133
Fax : 0088-02-9564763

স্মারক নং -পাউবো/সচি/প্রশাসন-২/১ম-১৮/৮২(৫মখন্ড)১২০

তারিখঃ ২১ আষাঢ়, ১৪২৪ বঃ
০৫ জুলাই, ২০১৭ খ্রিঃ

সার্কুলার

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের কর্মকাণ্ডে অধিকতর স্বচ্ছতা, জবাবদিহিতা, গতিশীলতা ও শৃংখলা নিশ্চিতকরণের লক্ষ্যে গত ২৮/০৬/২০১৭ খ্রি: তারিখ বোর্ডের প্রধান প্রকৌশলীগণের সাথে মহাপরিচালক মহোদয়ের এক মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বোর্ডের প্রকল্পসমূহের অগ্রগতি ও জমি অধিগ্রহণ বিষয়ে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক) মাঠ পর্যায়ের সকল প্রধান প্রকৌশলী তাদের কর্ম অধিক্ষেত্রে ২০১৭-১৮ অর্থ-বছরে বাস্তবায়িতব্য প্রকল্পসমূহের ডিপিপি'র সমাপ্তিকাল পর্যন্ত বছরওয়ারী Work Program দাখিল করবেন। Work Program এ দরপত্র এবং অর্থ ছাড় ও ব্যয় পরিকল্পনার পাশাপাশি প্রকল্পের কোন কোন অঙ্গে প্রযোজ্য ক্ষেত্রে Over programming করা সম্ভব হবে তার উল্লেখ থাকতে হবে। উক্ত Work Program এর উপর ভিত্তি করে পরবর্তীতে প্রকল্পসমূহের অগ্রগতি পর্যালোচনা করা হবে।

খ) নতুন প্রকল্পের ক্ষেত্রে প্রকল্প অনুমোদনের পরপরই জমি অধিগ্রহণ কার্যক্রম অগ্রাধিকার দিয়ে আরম্ভ করে দ্রুততার সাথে সম্পন্ন করার উদ্যোগ গ্রহণ করতে হবে। মাঠ পর্যায়ের প্রধান প্রকৌশলীগণকে তাদের স্ব স্ব জোনের আওতায় বাস্তবায়নাবীন প্রকল্পের জমি অধিগ্রহণের বিষয়ে সার্বক্ষণিক ওয়াকিবহাল (জমি অধিগ্রহণ প্রস্তাবনার সর্বশেষ অবস্থান, কত ধারা নোটিশ জারী হয়েছে, কোন পর্যায়ে বোর্ড বা মন্ত্রণালয়ের support প্রয়োজন রয়েছে কিনা ইত্যাদি) থাকতে হবে এবং প্রতি ৭ (সাত) দিন অন্তর তা লিখিতভাবে বা বিশেষ প্রয়োজনে ফোনালপের মাধ্যমে হলেও চীফ মনিটরিংকে অবহিত করতে হবে।

গ) জরুরী আপদকালীন কাজ বাস্তবায়নের জন্য জমি অধিগ্রহণের প্রয়োজন পড়বে এরূপ কোন জরুরী কাজ গ্রহণ করা যাবে না এবং এরূপ ক্ষেত্রের উপক্রম হলে জেলা প্রশাসনসহ সংশ্লিষ্ট মাননীয় সংসদ সদস্যসহ স্থানীয় জনপ্রতিনিধিগণকে বোর্ডের অবস্থান স্পষ্ট করতে হবে।

২। সিদ্ধান্ত সমূহ সংশ্লিষ্ট সকলের অবগতি ও যথাযথভাবে প্রতিপালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩। মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ সার্কুলার জারী করা হলো।

(ওবায়দুল ইসলাম)
উপ-সচিব (প্রশাসন)

পরিচিতি নম্বর ৬৭০২০১০০৩

টেলিফোন ৯৫৬১৯৫৯

obaidulislam1967@gmail.com

স্মারক নং -পাউবো/সচি/প্রশাসন-২/১ম-১৮/৮২(৫মখন্ড)/১২০

তারিখঃ ২১ আষাঢ়, ১৪২৪ বঃ
০৫ জুলাই, ২০১৭ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১. প্রধান প্রকৌশলী/ অতিরিক্ত প্রধান প্রকৌশলী/সমমান(সকল) -----বাপাউবো-----।
২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী/ পরিচালক/প্রকল্প পরিচালক(সকল) -----বাপাউবো-----।
৩. পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৪. সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৫. নির্বাহী প্রকৌশলী, (সংশ্লিষ্ট সকল)-----।
৬. সিস্টেম এনালিস্ট, সেন্ট্রাল আই সি টি সেল, চীফ মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা। বোর্ডের ওয়েব সাইটে
৭. (www.bwdb.gov.bd) প্রকাশের জন্য।
৮. উপ-পরিচালক/হিসাব রক্ষণ অফিসার, আঞ্চলিক হিসাব কেন্দ্র (সকল), -----বাপাউবো-----।
৯. ব্যক্তিগত সহকারী অমপ, প্রশাসন/অর্থ/ইস্টার্ন রিজিয়ন/ওয়েস্টার্ন রিজিয়ন/ পরিকল্পনা, বাপাউবো, ঢাকা।
১০. অফিস কপি/ মাস্টার কপি।

(ওবায়দুল ইসলাম)
উপ-সচিব (প্রশাসন)।